

## শ্রীশ্রীহরি সঙ্গীত

- বুঝলে মন বুঝে বা কই, তবু ঐ রূপ ভালবাসি ॥
- ২। হৃদ কমলে তোমায় বসাব, মনে বলে নয়ন জলে চরণ ধোয়াব।  
কেশ দিয়া মুছাইব এই ভাবনা ভাবি বসি ॥
- ৩। কথায় কথায় বলে অনেক জন, ভঙ্গ ফেলতে ভাঙ্গা কুলার  
করে প্রয়োজন।  
আমায় দাসী রেখ তেমনি মতন, সে যোগ্য নই বাঞ্ছা বেশী ॥
- ৪। তব দয়ায় গয়াতে যাব, কামনা জননী মায়ের শ্রদ্ধ করিব।  
ভ্রান্ত পিতার নামে পিণ্ড দিব, হব ও প্রেম তীর্থবাসী ॥
- ৫। হরিচাঁদের মহিমা অপার, তারকচাঁদকে জামিন রেখ  
অশ্বিনী বর্ষর।  
তবের গুরুচাঁদ তাই করবেন স্বীকার, মন তুমি যার অভিলষী ॥

### ৬৪ নং তাল-সং

- হরিনাম বিনে আর বন্ধু নাই ভাই ভবপারে যেতে।  
আমার দয়াল হরি দয়া করি, এল জগতে ॥
- ১। দেবের দুর্লভ প্রেমভক্তি লয়ে অগতির গতি।  
সদর হয়ে জীবের প্রতি এসেছে দিতে ॥
- ২। গুরু নিষ্ঠা নামে রুচি এই ধর্ম হয় সর্বশুচি।  
এবার প্রাপ্ত হয়ে হাড়ি মুচি গিয়াছে মেতে ॥
- ৩। ন্যাস কুস্তক খুটিনাটি রেচক পুরক ময়লা মাটি।  
কলিতে নাম যজ্ঞ খাঁটি, সর্ব ধর্ম হতে ॥
- ৪। যোগী ন্যাসী কর্মী জ্ঞানী ব্রহ্মচারী পূজক ধ্যানী।  
করে মলাট লয়ে টানাটানি বঞ্চিত হয় প্রেমেতে ॥
- ৫। দয়াল মহানন্দ বলে কাজ কিরে আর ফলাফলে।  
অশ্বিনী তুই হরি বলে, ডুব দে প্রেমেতে ॥